

দুর্নীতি দমন কমিশন  
সমন্বিত জেলা কার্যালয়  
বরিশাল

স্মারক নং- ০০.০১.০০০০.৭৪২.৯৯.০৬৯.১৯. ২০২ (৪)

তারিখ- ০৩/০৩/২০১৯ খ্রি.


বিষয় : সততা সংঘের কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : দুদক, প্রকা, ঢাকার স্মারক নং- ০০.০১.০০০০.৩০২.২৯.০০৩.১৯.৯৯৩৮(৫০), তারিখ- ১৩/০৩/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি প্রতিরোধে তরণ প্রজন্মের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বরিশালের আওতাধীন ১৮৫৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে সততা সংঘ গঠন করা হয়েছে। আপনার অধিক্ষেত্রাধীন সততা সংঘ রয়েছে এমন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে রচনা প্রতিযোগিতা সম্পন্ন করা, বিভিন্ন শ্রেণি ও শাখার মাঝে অভ্যন্তরীণ বিতর্ক প্রতিযোগিতা সম্পন্ন করে বিজয়ীদের পুরস্কৃত করা এবং দুর্নীতিবিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, শ্রেণীকক্ষ ও স্কুল প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন করে সজ্জিতকরণ এবং আনন্দ মেলা আয়োজনের নিমিত্ত কমিশন কর্তৃক প্রতি সততা সংঘের কার্যক্রমের জন্য বরাদ্দকৃত ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকার মধ্যে রচনা প্রতিযোগিতা বাবদ ৭০০/- টাকা, বিতর্ক প্রতিযোগিতা বাবদ ৭০০/- টাকা, সাংস্কৃতিক অনুষ্ঠান বাবদ ৭০০/- টাকা এবং আনুষঙ্গিক খাতে ১০০/- টাকা করে ব্যয় নির্বাহের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, আপনার অধিক্ষেত্রাধীন সততা সংঘ রয়েছে এমন ৮৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা প্রস্তুত করতঃ নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ এবং আগামী ১৬/০৪/২০১৯ খ্রি. তারিখে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বরিশালের প্রতিনিধির উপস্থিতিতে আপনার কার্যালয়ে প্রতিটি প্রতিষ্ঠানে ২,২০০/- (দুই হাজার দুইশত) টাকা হারে বিতরণপূর্বক পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে উল্লিখিত অনুষ্ঠান বাস্তবায়ন বাবদ খরচের বিল/ভাউচার (এতদসাথে সংযুক্ত নমুনা বিল/ভাউচারের অনুরূপে) ও অনুষ্ঠান সম্পাদনের প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে- ০১ পাতা।

  
(দেবব্রত মন্ডল)  
উপপরিচালক  
ফোন : ০৪৩১-৬৪৬০৫

- ✓(১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর।  
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর।  
(৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাঠালিয়া, ঝালকাঠি।  
(৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, ঝালকাঠি।

স্মারক নং- ০০.০১.০০০০.৭৪২.৯৯.০৬৯.১৯.

তারিখ- /০৩/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
২. জেলা প্রশাসক, পিরোজপুর/ঝালকাঠি।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর/ভান্ডারিয়া, পিরোজপুর/কাঠালিয়া, ঝালকাঠি/ রাজাপুর, ঝালকাঠি।
৪. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর/ঝালকাঠি।
৫. সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, মঠবাড়িয়া, পিরোজপুর/ভান্ডারিয়া, পিরোজপুর/কাঠালিয়া, ঝালকাঠি/ রাজাপুর, ঝালকাঠি।
৬. অফিস কপি।

(দেবব্রত মন্ডল)  
উপপরিচালক  
ফোন : ০৪৩১-৬৪৬০৫

# ভাউচারের নমুনা

(শিক্ষা প্রতিষ্ঠানের প্যাডে দাখিল করতে হবে)

.....  
.....

স্মারক নং-

তারিখ:

প্রাপক: উপপরিচালক  
দুর্নীতি দমন কমিশন  
সমন্বিত জেলা কার্যালয়, বরিশাল।

বিষয়: সততা সংঘের কার্যক্রম বাস্তবায়ন বাবদ খরচের বিবরণ/ভাউচার প্রেরণ।

ক্রমিক	কার্যক্রমের বিবরণ	খরচের পরিমাণ	মন্তব্য
১।	বিতর্ক প্রতিযোগীদের মধ্যে বিতরণ	৭০০/-	
২।	রচনা প্রতিযোগীদের মধ্যে বিতরণ	৭০০/-	
৩।	সাংস্কৃতিক প্রতিযোগীদের মধ্যে বিতরণ	৭০০/-	
৪।	আনুষঙ্গিক ব্যয়	১০০/-	
	মোট দাবী:	২,২০০/-	
	২২০০/- টাকার ৫% হারে ভ্যাট ১১০+স্ট্যাম্প ডিউটি-১০ =১২০/- টাকা।	(-)১২০	
	নীট প্রদেয়:	২,০৮০/-	
		কথায়: দুই হাজার আশি টাকা মাত্র।	

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/সুপার  
এর সীল ও স্বাক্ষর